

পরিবারের সাথে গণিত কর্মকান্ড অন্বেষণ

নিম্নলিখিত দুইটি কর্মকান্ড বিভিন্ন ব্লক পাঠক্রম থেকে গৃহীত হয়েছে, যেগুলো সাধারণত প্রি-K এক্সপ্লোর ক্লাসরুমে ব্যবহৃত হয়। এই কর্মকান্ডগুলো তিন এবং চার বছর বয়সীদের জন্যে তৈরি করা হয়েছে এবং স্বল্প উপকরণ ব্যবহার করে, সহজেই বাড়িতে পরিবার ও অন্য সেবা প্রদানকারীদের সাথে করা যাবে। বাড়ির পরিবেশে ছেলেমেয়েদের উন্নয়নে সহায়তা করার পাশাপাশি, সেগুলো খেলাচ্ছলে ও আনন্দময় হবার জন্যে ডিজাইন করা হয়েছে।

কর্মকাণ্ড 1: ড্যান্সিং প্যাটার্ন

যে উপকরণগুলো লাগবে: বাদ্য, নাচের জন্য।

কীভাবে খেলতে হবে:

- একটি গান বেছে নিন, যেটার সাথে আপনি এবং আপনার সন্তান একসাথে নাচতে পছন্দ করেন।
- নাচার সময় আপনার সন্তানকে একটি প্যাটার্ন অনুসরণ করতে আমন্ত্রণ করুন। উদাহরণস্বরূপ, পায়ের আঙ্গুল/গোড়ালি, পায়ের আঙ্গুল/গোড়ালি, পায়ের আঙ্গুল/গোড়ালি।
- অঙ্গভঙ্গির আরো জটিল ধারা চেষ্টার বিবেচনা করুন। উদাহরণস্বরূপ, তালি/পা ছোঁড়া/পা ছোঁড়া, অথবা পায়ের আঙ্গুল/পায়ের আঙ্গুল/গোড়ালি/তালি।
- আপনারা একটি প্যাটার্ন অনুযায়ী নাচার পর, আপনার সন্তানকে প্যাটার্নটি ব্যাখ্যা করতে বলুন। প্যাটার্নের যে অংশটি বারবার হবে সেটার প্রতি জোর দিন (উদাহরণস্বরূপ, পায়ের আঙ্গুল/গোড়ালি)।

কেন এই খেলা?

গণিত (ম্যাথ) এবং আমাদের চারিপাশের জন্য প্যাটার্ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। ছেলেমেয়েদের প্যাটার্ন অন্বেষণে এবং প্যাটার্নের কাঠামোগুলো দেখতে সাহায্য করা, গণিতে একটি দৃঢ় ভিত্তি গড়ে তুলবে। প্যাটার্ন শনাক্ত করা এবং পুনরাবৃত্তি করা ছেলেমেয়েদের পাটীগণিতে (অ্যারিদমেটিক), এবং ফলশ্রুতিতে বীজগণিতে (অ্যালজেব্রা) সহায়তা করে।

কর্মকাণ্ড 2: সার্কেল অ্যান্ড ক্যানস

যে উপকরণগুলো লাগবে: বিভিন্ন আকৃতির ক্যান বা অন্য সিলিন্ডার (উদাহরণস্বরূপ, বাদামের ক্যান, সুপ ক্যান, একটি পেন্সিল রাখার পাত্র, ইত্যাদি)

কীভাবে খেলতে হবে:

- কয়েকটি ক্যান-এর ভিত্তি একটি লেখার টুল দিয়ে একটি কাগজে বৃত্ত আঁকুন।
- আপনার সন্তানকে বৃত্তগুলো তুলনা করে মিল খুঁজতে বলুন।
- বৃত্তগুলো পরীক্ষা করে সরাসরি সেগুলোর উপর ক্যানগুলো রাখতে উৎসাহিত করুন।

কেন এই খেলা?

- ছেলেমেয়েরা 3D বস্তুর (যেমন ক্যান) আকৃতি “ফেইস (মুখমন্ডল)” রয়েছে তা শিখছে। উদাহরণস্বরূপ, একটি ক্যানের দুইটি বৃত্তাকার পাঁশ অথবা “ফেইস (মুখমন্ডল)” রয়েছে।
- এই কর্মকাণ্ডে, ছেলেমেয়েরা সক্রিয়ভাবে আকৃতি অন্বেষণ করছে। আপনার সন্তানকে ক্যানের বৃত্তাকার পাঁশ বা “ফেইস (মুখমন্ডল)”-এর উপর আঙ্গুল ঘুরিয়ে দেখার মাধ্যমে সাহায্য করতে পারেন। ছেলেমেয়েরা অনুভব করবে যে বৃত্তগুলো সম্পূর্ণভাবে গোলাকৃতি।

সকল পরিবারের সাথে গণিত কর্মকান্ড অন্বেষণ (এক্সপ্লোর ফ্যামিলি ম্যাথ অ্যাক্টিভিটি) গৃহীত হয়েছে *Building Blocks*, © Clements & Sarama, 2013, McGraw-Hill Education থেকে।